২২/১১/১৭

৫. ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় উল্লেখিত সমাজতান্ত্রিক শব্দটির অর্থ?

ভারতের মূল সংবিধানের প্রস্তাবনায় সমাজতান্ত্রিক শব্দটি ছিল না। ১৯৭৬ সালের ৪২ তম সংবিধান সংশোধনীতে সমাজতান্ত্রিক ~~[illegible]~~ শব্দটি প্রস্তাবনায় সার্বভৌম শব্দের পরে যুক্ত করা হয়েছে। তবে কি অর্থে ভারত সমাজতান্ত্রিক তার ব্যাখ্যা দেওয়া হয়নি আসলে সমাজতন্ত্র শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। সাধারণ ভাবে সমাজতন্ত্র বলতে বোঝায় উৎপাদনের উপকরণের সামাজিক মালিকানা এবং উৎপাদিত দ্রব্যের সামাজিক বণ্টন, কিন্তু এই অর্থে ভারতে সমাজতন্ত্র শব্দটি ব্যবহার করা হয়নি, ভারতে সমস্ত উৎপাদন উপকরণের উপর রাষ্ট্রীয় মালিকানা প্রতিষ্ঠা করা হয়নি তার পরিবর্তে ভারতে মিশ্র অর্থনীতির প্রবর্তন করা হয়েছে, বস্তুত ভারতে দারিদ্র নিবারণের জন্যে বিবিধ কর্মসূচী ও জনকল্যাণকর রাষ্ট্রে আদর্শ গ্রহণ করে সমাজতন্ত্রের লক্ষ্য রূপায়িত করার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। তবে বিচারপতি পি. বি. মুখার্জী সমাজতন্ত্র শব্দটির অন্তর্ভুক্তির সমালোচনা করে বলেছেন যে সমাজতন্ত্র মূলত একটি রাজনৈতিক আদর্শ, ও প্রস্তাবনায় সমাজতান্ত্রিক শব্দটি অস্পষ্টতা দোষে দুষ্ট।